


আইএইচটি ও ম্যাটস ভর্তি পরীক্ষায় নির্বাচিত শিক্ষার্থীদের ১ম দফায় অপেক্ষমান তালিকা থেকে ফলাফল প্রকাশ

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫ খ্রি.

২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে আইএইচটি ও ম্যাটসসমূহে যথাক্রমে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি এবং ডিপ্লোমা ইন মেডিকেল গ্র্যাসিসস্টেন্ট কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে গত ১৮/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফল ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে নম্বর যোগ করে মেধা ও পছন্দ অনুযায়ী ১ম দফায় অপেক্ষমান তালিকা থেকে শিক্ষার্থী নির্বাচন করা হলো। সংশ্লিষ্ট সরকারি আইএইচটি ও ম্যাটসসমূহের অধ্যক্ষগণ আগামী ১৩/০১/২০২৫ খ্রি. হতে ২৭/০১/২০২৫ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং ২৯/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে ভর্তি সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করবেন। সংশ্লিষ্ট অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি শিক্ষার্থীদের সনদপত্র পরীক্ষা-নিরীক্ষা করবেন এবং গঠিত মেডিকেল বোর্ড তাদের স্বাস্থ্য পরীক্ষা করবেন। কোনো শিক্ষার্থীর দাখিলকৃত সনদপত্রের মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হলে বা কোনো শিক্ষার্থী স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য বলে বিবেচিত হলে তার প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ভর্তি পরবর্তী সময়ে কোনো শিক্ষার্থীর প্রদত্ত তথ্য ভুল/অসত্য প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি পরীক্ষার ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ এর কার্যালয় থেকে জানা যাবে।

ভর্তির সময় নিম্নলিখিত কাগজ পত্র প্রয়োজন হবে:


১. ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষের আইএইচটি/ম্যাটস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
২. এসএসসি/সমমান পরীক্ষায় পাশকৃত একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট/মূল নম্বর পত্র।
৩. এসএসসি সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র/ মূল প্রশংসা পত্র।
৪. স্থানীয় সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কমিশনার কার্যালয়ের প্রধান অথবা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত মূল নাগরিক সনদপত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের কপি।
৫. ০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি [০১ (এক) কপি সত্যায়িত বাকি ০৪ (চার) কপি সত্যায়িত ছাড়া জমা দিতে হবে]।
৬. সরকারি চাকুরিজীবী প্রার্থীদের ক্ষেত্রে, নিয়োগ পত্রের কপি, যোগদান পত্রের কপি এবং বর্তমান কর্মস্থলের চাকুরির প্রত্যয়ন পত্র।
৭. মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১, তারিখ: ২৩/০৭/২০২৪ খ্রি. এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
৮. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।


অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন: ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।

৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক-প্রশাসন-১)।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক-প্রশাসন-১)।
৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/সহকারী পরিচালক (অডিট), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা- ১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি,(সকল)।
১৩. অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল,(সকল)।
১৪. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী (৮৬-বিজয় নগর), ঢাকা।
১৫. অফিস কপি।


অধ্যাপক ড. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

